

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৮.০১৯.০০.০০.০২৮.২০১০-১৮

তারিখ: ১৮ মাঘ ১৪২৩
৩১ জানুয়ারি ২০১৭

অফিস আদেশ


বিষয়: নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বদলী/পদায়ন অধিক্ষেত্র নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধিনস্থ কর্মকর্তাদের বদলী/পদায়ন সংক্রান্ত অধিক্ষেত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

১. ২য় শ্রেনির সকল পদের বদলী/পদায়ন মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর করবে।
২. নিয়োগ বিধিতে যে সকল পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলী/পদায়নের উল্লেখ আছে সে ক্ষেত্রে জরুরি ভিত্তিতে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করতে হবে। জরুরি ও প্রশাসনিক প্রয়োজন ব্যতিরেকে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের পূর্বে বদলী/পদায়ন পরিহার করতে হবে।
৩. সকল ১ম শ্রেনির পদে (নিজ বেতন/পদের বেতনে) পদায়ন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রস্তাবের মাধ্যমে মন্ত্রণালয় করবে।

ইতোমধ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ১ম শ্রেনির পদে বদলী/পদায়ন করা হয়ে থাকলে তা বাতিল করে প্রস্তাব আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।


(মো: নুরুল রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন
শেরে বাংলানগর, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এ্যানালিষ, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।